# AKASHVANI (AIR)

## RNU : KOLKATA

## Bengali Text Bulletin

**Date 07-07-2025** **Time: 7.50 P.M.**

১) কলকাতা হাইকোর্ট স্কুল সার্ভিস কমিশনের নতুন নিয়োগ পরীক্ষায়, অযোগ্য হিসাবে চিহ্নিতরা বসতে পারবে না বলে নির্দেশ দিয়েছে।
এদিকে, চাকরি হারা যোগ্য শিক্ষকরা আদালতের রায়ে সন্তোষ প্রকাশ করলেও কিছু প্রশ্ন তুলেছেন।

২) প্রায় এক সপ্তাহ বন্ধ থাকার পর কসবার দক্ষিণ কলকাতা ল কলেজ আজ খুলেছে।
রাজনীতির নামে রাজ্যে কলেজগুলিতে ছাত্র,ছাত্রী ও শিক্ষকদের ওপর আক্রমণ চলছে বলে বিজেপি অভিযোগ করেছে।

৩) নদায়ীর কালিগঞ্জে বিধানসভা উপনির্বাচনের ফলাফলের দিন বোমাবাজিতে ৯ বছরের তামান্না খাতুনের মৃত্যুর সঠিক বিচার যাতে সময় মতো হয়, তা দেখা হবে বলে জাতীয় মহিলা কমিশনের সদস্য অর্চনা মজুমদার জানিয়েছেন।

৪) আসন্ন জনগণনার সময় আধিকারিকদের সুবিধার্থে স্বগণনার জন্য একটি বিশেষ ওয়েবপোর্টাল চালু থাকবে।

৫) পথচারীদের নিরাপত্তা নিশ্চিত করতে দেশের সমস্ত রাজ্যে জন্য অভিন্ন ফুটপাত নীতি গ্রহণ করতে চলেছে কেন্দ্রীয় সড়ক পরিবহণ মন্ত্রক।

৬) নিম্নচাপের জেরে কলকাতা সহ দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় আজ দিনভর বৃষ্টি।
৭) ১৩৪-তম ডুরান্ড কাপ ফুটবলের ক্রীড়াসূচী প্রকাশিত।

o-o-o-o-o-o-o-o-o-o-o-o-o-o-o-o

কলকাতা হাইকোর্ট স্কুল সার্ভিস কমিশন এসএসসি-র নতুন নিয়োগ পরীক্ষায়, অযোগ্য হিসাবে চিহ্নিতরা বসতে পারবে না বলে নির্দেশ দিয়েছে। বিচারপতি সৌগত ভট্টাচার্য্য জানিয়েছেন, অযোগ্য হিসাবে চিহ্নিত কোনো প্রার্থী ইতোমধ্যেই আবেদন করে থাকলে, তা বাতিল করতে হবে। তিনি আজ সুপ্রিম কোর্টের নির্দেশ অনুসারে জারি হওয়া এসএসসি-র নতুন বিজ্ঞপ্তিকে চ্যালেঞ্জ জানিয়ে দাখিল আবেদনের শুনানি গ্রহণ করেন।

বিচারপতি আরও জানান, ২০২৪-এর ২২-শে এপ্রিল কলকাতা হাইকোর্টের ডিভিশন বেঞ্চ এবং ২০২৫-এর তেশরা এপ্রিল সুপ্রিম কোর্ট নির্দেশ দিয়েছিল, নবম-দশম ও একাদশ – দ্বাদশের জন্য এস এস সি-কে ফের নতুন করে নিয়োগ প্রক্রিয়া করতে হবে। সেখানে চাকরিরতদের যোগ্য ও অযোগ্য – এই দুভাগে ভাগ করা হয়। সেকারণে অযোগ্যরা পরীক্ষায় বসতে পারবেন না।

উল্লেখ্য, সুপ্রিম কোর্টের নির্দেশে প্রায় ২৬ হাজার শিক্ষক ও শিক্ষা কর্মী চাকরী বাতিলের পর গত ৩০ শে মে নতুন করে নিয়োগের বিজ্ঞপ্তি জারি করে শিক্ষা দপ্তর। প্রায় ৪৪ হাজার শূন্য পদের ঐ বিজ্ঞপ্তি নিয়ম মেনে হয়নি বলে দাবি জানিয়ে কলকাতা হাইকোর্টে মামলা দায়ের হয়।

এদিকে, চাকরি হারা যোগ্য শিক্ষকরা আদালতের রায়ে সন্তোষ প্রকাশ করলেও কিছু প্রশ্ন তুলেছেন। যোগ্য শিক্ষক শিক্ষিকা অধিকার মঞ্চের আহ্বায়ক মেহেবুব মন্ডল বলেছেন, ২০১৬ এবং ২০২৫ এর পরীক্ষার মধ্যে পদ্ধতিগত কিছু জটিলতা রয়েছে। অনেক বিষয়ে আসন সংখ্যাও কমে গেছে। কিন্তু আদালতের রায়ে এই বিষয়ে কোনো সমাধান হয়নি।

(বাইট - মেহেবুব মন্ডল)

o-o-o-o-o-o-o-o-o-o-o-o-o-o-o-o-o-o

প্রায় এক সপ্তাহ বন্ধ থাকার পর আজ থেকে খুলল কসবা সাউথ ক্যালকাটা ল কলেজ। আজ সকাল ৮ টা থেকে দুপুর দুটো পর্যন্ত কলেজ খোলা ছিল। কলেজের গেটে ছিল কড়া পুলিশি প্রহরা। প্রত্যেকের সচিত্র পরিচয় পত্র দেখেই কলেজে ঢোকার অনুমতি দেওয়া হয়। আজ স্নাতক স্তরের প্রথম সেমিস্টারের পরীক্ষার ফর্ম ফিল-আপ হয়। আগামীকাল থেকে শুরু হবে স্নাতকোত্তর স্তরের ক্লাস।

একটি প্রতিবেদন : -

(ভয়েসকাস্ট – সুমন মুখোপাধ্যায়)

০-০-০-০-০-০-০-০-০-০-০-০-০-০-০-০-০-০-০

রাজনীতির নামে রাজ্যে কলেজগুলিতে ছাত্র,ছাত্রী ও শিক্ষকদের ওপর আক্রমণ চলছে বলে বিজেপি অভিযোগ করেছে। কলকাতায় আজ এক সাংবাদিক বৈঠকে দলের রাজ্য মুখপাত্র দেবজিৎ সরকার জানিয়েছেন, নিয়োগ সংক্রান্ত নির্দেশিকাকে অমান্য করে নিয়মবিরুদ্ধভাবে প্রতিটি কলেজে শাসকদলের কর্মীদের অশিক্ষক কর্মী হিসেবে নিযুক্ত করা হয়েছে। এই অশিক্ষক কর্মীরা শিক্ষা ব্যবস্থাকে তৃণমূল কংগ্রেসের দলীয় রূপ দিয়ে শিক্ষাক্ষেত্রকে অর্থ উপার্জনের উৎস হিসেবে পরিণত করেছে। প্রসঙ্গত বিভিন্ন কলেজে শাসকদলের নিযুক্ত অশিক্ষক কর্মীদের সম্পত্তির খতিয়ান শ্রী সরকার তুলে ধরেন। শ্রী সরকার বলেন,এই ঘটনার বিরুদ্ধে বিজেপি আইনি পদ্ধতিতে লড়াই ছাড়াও পথে নেমে আন্দোলন চালিয়ে যাবে।

এদিকে, যে কলেজ থেকে আইন শিখে ছাত্রছাত্রীরা, সাধারণ মানুষকে আইনী সুরক্ষা দেবে সেই ছাত্রছাত্রীদের নিরাপত্তার জন্য পুলিশকে ব্যবহার করতে হচ্ছে, এটা রাজ্য সরকারের ব্যর্থতা বলে প্রবীণ কংগ্রেস নেতা অধীররঞ্জন চৌধুরী মন্তব্য করছেন। পুলিশ মন্ত্রী হিসেবে মমতা ব্যানার্জী ব্যর্থ বলেও দাবি করেন তিনি।

০-০-০-০-০-০-০-০-০-০-০-০-০-০-০-০-০-০-০

নদায়ীর কালিগঞ্জে বিধানসভা উপনির্বাচনের ফলাফলের দিন বোমাবাজিতে ৯ বছরের তামান্না খাতুনের মৃত্যুর সঠিক বিচার যাতে সময় মতো হয়, তা দেখা হবে বলে  জাতীয় মহিলা কমিশনের সদস্য অর্চনা মজুমদার জানিয়েছেন। তার নেতৃত্বে মহিলা কমিশনের একটি দল আজ মোলান্দি গ্রামে যায়। তামান্নার মা সাবিনা ইয়াসমিনের সঙ্গে কথা বলেন তারা। পরে সাংবাদিকদের শ্রীমতী মজুমদার বলেন, তদন্ত যাতে সঠিক গতিতে এগোয় সেদিকে, নজর রাখবে কমিশন।

পরে অর্চনা মজুমদার নদীয়ার শান্তিপুরে যান। সেখানে নৃসিংহপুর মধ্য কলোনী এলাকায় ফুল তোলাকে কেন্দ্র করে বচসার জেরে আত্মঘাতী সরস্বতী দে-র পরিবারের সঙ্গে কথা বলেন তিনি। সিভিক ভলান্টিয়ারদের কাজকর্ম নিয়ে উদ্বেগ প্রকাশ করেন শ্রীমতী মজুমদার।

(বাইট – অর্চনা /শান্তিপুর)

জাতীয় মহিলা কমিশনের সদস্যকে পেয়ে স্থানীয় মহিলারা পুলিশের বিরুদ্ধে ক্ষোভ প্রকাশ করেন। রানাঘাটের সাংসদ জগন্নাথ সরকারও আজ মৃতার বাড়িতে যান। তিনি প্রকৃত অপরাধীদের শাস্তির দাবি করেছেন।

০-০-০-০-০-০-০-০-০-০-০-০-০-০-০-০-০-০-০

হুগলীর হরিপালে অপহৃত এক প্রাথমিক স্কুল শিক্ষককে পুলিশ ঝাঁসি থেকে উদ্ধার করেছে। আজ তাকে কলকাতায় নিয়ে আসা হয়েছে। পুলিশ জানিয়েছে, এমাসের চার তারিখ দেব কুমার দাস নামে ওই শিক্ষক তারকেশ্বর যাওয়ার জন্য বাড়ি থেকে বের হন, কিন্তু তারপর আর ফেরেনি। পরের দিন বাড়িতে ১৫ লক্ষ টাকা মুক্তিপণ দাবি করে টেলিফোন আসে। পরিবারের পক্ষ থেকে নিখোঁজ ডায়রি করা হয়। পুলিশ তার মোবাইল ট্র্যাক করে জানতে পারে, তিনি চম্বল এক্সপ্রেসে আছেন। পরে তিনি ঝাঁসিতে নামলে তাঁকে উদ্ধার করা হয়।

কেন দেবকুমারবাবু চম্বল এক্সপ্রেসে উঠলেন, তিনি কোথায় যাচ্ছিলেন, অপহরণ ছাড়া এর পেছনে অন্য কোন কারণ আছে কিনা, পুলিশ সবদিক খতিয়ে দেখছে। আদালতে তাঁর জবানবন্দীও নেওয়া হবে।

০-০-০-০-০-০-০-০-০-০-০-০-০-০-০-০-০-০-০

রাজ্য জুড়ে তীব্র সমালোচনার জেরে অবশেষে খড়্গাপুরে বৃদ্ধ বামনেতাকে নিগ্রহের দায়ে অভিযুক্ত নেত্রী বেবি কোলেকে বহিষ্কার করল তৃণমূল। আজ দুপুরে মেদিনীপুর শহরের প্রদ্যুৎস্মৃতি সদনে একুশে জুলাইয়ের প্রস্তুতি বৈঠকে যোগ দিতে গিয়ে তৃণমূলের রাজ্য সহ-সভাপতি জয়প্রকাশ মজুমদার বলেন, ‘‘খড়্গাপুরে প্রবীণ বাম নেতার প্রতি যে আচরণ হয়েছে, সেই ঘটনায় জেলা সভাপতি সুজয় হাজরা বেবি কোলেকে শো কজ় করেছিলেন। সেই শো কজ়ের জবাব পাওয়ার পর রাজ্য সভাপতি সুব্রত বক্সী বেবি কোলেকে দল থেকে বহিষ্কার করার নির্দেশ দিয়েছেন।’’ উল্লেখ্য, গত সোমবার খড়্গাপুরের খরিদা এলাকায় বাম নেতা অনিল দাসকে রাস্তায় ফেলে মারধরের অভিযোগ উঠেছিল ১০ নম্বর ওয়ার্ডের তৃণমূলনেত্রী বেবির বিরুদ্ধে।

০-০-০-০-০-০-০-০-০-০-০-০-০-০-০-০-০-০-০

আসন্ন জনগণনার সময় আধিকারিকদের সুবিধার্থে শুধুমাত্র স্বগণনা  বা সেলফ এনিউমারেশনের জন্য একটি বিশেষ ডেডিকেটেড ওয়েব পোর্টাল চালু থাকবে। ২০২৭

এর জনগণনার উভয় পর্বের জন্যই এটি কার্যকর থাকবে। ভারতের রেজিস্ট্রার জেনারেল অ্যান্ড সেনশাস কমিশনারের পক্ষ থেকে সামাজিক মাধ্যমে একগুচ্ছ বার্তায় জানানো হয়েছে, এবারের আদমশুমারী হবে দেশের প্রথম ডিজিটাল জনগননা। ইংরাজী, হিন্দি এবং অন্যান্য আঞ্চলিক ভাষায় মোবাইল অ্যাপের মাধ্যমে তথ্য সংগ্রহ করা হবে। গণনাকারী এবং পরিদর্শকরা তথ্য সংগ্রহের জন্য নিজেদের মোবাইল ফোন ব্যবহার করবেন।

উল্লেখ্য, ২০২৭ এর জনগণনার জন্য গতমাসে গেজেট বিজ্ঞপ্তি জারী হয়েছে। একই মর্মে রাজ্য গেজেটে সংশ্লিষ্ট বিজ্ঞপ্তি পুনরায় প্রকাশ করতে এবং জনগণনার জন্য নোডাল আধিকারিক নিয়োগ করতে সব রাজ্য ও কেন্দ্র শাসিত অঞ্চলকে বলা হয়েছে। দুটি পর্যায়ে জনগননা হবে। ২০২৬ সালের প্রথম পর্বে আবাস তালিকা এবং সেই সংক্রান্ত গণনা হবে। জনসংখ্যার ভিত্তিতে গণনা হবে দ্বিতীয় পর্বে।

০-০-০-০-০-০-০-০-০-০-০-০-০-০-০-০

পথচারীদের নিরাপত্তা নিশ্চিত করতে কেন্দ্রীয় সড়ক পরিবহণ মন্ত্রক দেশের সমস্ত রাজ্যের জন্য একটি অভিন্ন ফুটপাথ নীতি গ্রহণ করতে চলেছে। সুপ্রিম কোর্টের নির্দেশ মাফিক এই নীতি তৈরির জন্য সমস্ত রাজ্যের কাছে ফুটপাথ, ফুট ওভারব্রিজ ও সাবওয়েগুলির বর্তমান অবস্থা সংক্রান্ত রিপোর্ট চেয়ে পাঠানো হয়েছে। কত ফুট প্রস্থের রাস্তায় কতটা অংশ পথচারীদের জন্য ফুটপাথ হিসেবে নির্দিষ্ট থাকবে তা নতুন নীতিতে স্পষ্ট করা হবে। যা দেশের সমস্ত রাজ্যেই প্রযোজ্য হবে। পাশাপাশি, কোথায় কোথায় ফুট ওভারব্রিজ বা সাবওয়ে প্রয়োজন, তার পরিকাঠামোগত বিশ্লেষণও রাজ্যের দেওয়া রিপোর্টের ভিত্তিতেই করা হবে। এরাজ্যের সরকারের কাছ থেকেও একই মর্মে রিপোর্ট তলব করা হয়েছে বলে প্রশাসনিক সূত্রে জানা গেছে। পূর্ত, পঞ্চায়েত ও পুর ও নগরোন্নয়ন দফতর যৌথ ভাবে এই রিপোর্ট তৈরি করবে।

০-০-০-০-০-০-০-০-০-০-০-০-০-০-০-০

নিবেদিতা সেতুর টোল প্লাজায় এক বাস দুর্ঘটনায় প্রায় বারো জন আহত হয়েছেন। আসানসোল দুর্গাপুর থেকে কলকাতা গামী যাত্রীবোঝাই একটি এ সি বেসরকারী বাস, নিয়ন্ত্রণ

হারিয়ে নিবেদিতা সেতুর গার্ডরেলে ধাক্কা মারে। ঘটনায় গুরুতর আহত হয়েছেন ৫ জন। তাদের সকলকেই স্থানীয় হাসপাতালে নিয়ে যাওয়া হয়। বাকি যাত্রীদের অন্য গাড়িতে গন্তব্যস্থলে পৌঁছে দেওয়ার ব্যবস্থা করা হয়।

০-০-০-০-০-০-০-০-০-০-০-০-০-০-০-০-০-০

নিম্নচাপের জেরে কলকাতা সহ দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় আজ দিনভর বৃষ্টি। আবহাওয়া দফতর সূত্রে জানা গেছে, গাঙ্গেয় পশ্চিমবঙ্গে এবং সন্নিহিত এলাকায় তৈরি নিম্নচাপটি এখনও দক্ষিণ-পশ্চিম দিকে অবস্থান করছে। এটি ক্রমশ পশ্চিম উত্তর পশ্চিমে ঝাড়খন্ড, ছত্তিশগড়ের দিকে সরে যাবে। পুরুলিয়া, এবং পশ্চিম মেদিনীপুর জেলায় আজ কমলা সতর্কতা জারি রয়েছে। তবে, আগামীকাল থেকে দক্ষিণবঙ্গে বৃষ্টি কমবে বলে জানিয়েছে আলিপুর আবহাওয়া দফতর। মৎস্যজীবীদের আজ, উত্তর-পশ্চিম বঙ্গোপোসাগরে এবং মধ্য বঙ্গোপোসাগরে যেতে নিষেধ করেছে আবহাওয়া দফতর।

০-০-০-০-০-০-০-০-০-০-০-০-০-০-০-০-০-০

১৩৪ তম ডুরান্ড কাপ ফুটবলের ক্রীড়াসূচি আজ প্রকাশ করা হয়েছে। ২৩ শে জুলাই প্রথম দিনে ইস্টবেঙ্গল মাঠে নামবে। যুব ভারতী ক্রীড়াঙ্গনে ইস্টবেঙ্গল, বেঙ্গালুরুর সাউথ ইউনাইটেড এফ সি, র মুখোমুখি হবে। ২৮শে জুলাই মহামেডান স্পোর্টিং ডুরান্ড কাপ অভিযান শুরু করবে। তাদের প্রতিপক্ষ ডায়মন্ড হারবার এফ সি। ৩১শে জুলাই মোহনবাগান সুপার জায়ান্ট, প্রথম ম্যাচে মহামেডান স্পোর্টিংয়ের বিরুদ্ধে খেলবে।

০-০-০-০-০-০-০-০-০-০-০-০-০-০-০-০-০-০